



নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে তারেক রহমান



সংগৃহীত ছবি

দীর্ঘ ১৭ বছরের বেশি সময় পর দেশে ফিরে প্রথমবারের মতো নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে উপস্থিত হয়েছেন দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তার আগমন ঘিরে নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উদ্দীপনা দেখা যায়।

সোমবার (২৯ ডিসেম্বর) বিকেল প্রায় ৪টার দিকে গুলশানের নিজ বাসভবন থেকে যাত্রা করে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান নয়াপল্টনের কেন্দ্রীয় কার্যালয়ে পৌঁছান। তার আগমন উপলক্ষে কার্যালয়সংলগ্ন সড়কের দুই পাশে বিপুলসংখ্যক নেতাকর্মী জড়ো হন। স্লোগান ও করতালির মধ্য দিয়ে তারা দলের শীর্ষ নেতাকে স্বাগত জানান। পুরো এলাকাজুড়ে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়।

এ উপলক্ষে আগেই নয়াপল্টন ও আশপাশের এলাকায় ব্যানার, ফেস্টুন ও বিলবোর্ডে সাজানো হয়। এসব প্রচার সামগ্রীতে তারেক রহমানের পাশাপাশি বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস, বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের শীর্ষ নেতৃবৃন্দ এবং ঢাকা দক্ষিণ মহানগর বিএনপির নেতাদের ছবিও স্থান পায়।